

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ২২ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/০৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-০৭-আইন/২০২০।—ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৯ নং আইন) এর ধারা ৮(৩)(ঙ) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উন্নত প্রযুক্তির ইটভাটা পরিচালনার ক্ষেত্রে দূরত্ব সংক্রান্ত বাধ্যবাধকতা নিম্নরূপভাবে শিথিল করিল, যথা :—

উপরি-উক্ত আইনের ধারা ৮(৩)(ক) মোতাবেক ধারা ৮(১) এ উল্লিখিত এলাকার তালিকার মধ্যে সিটি কর্পোরেশন, পৌরসভা বা উপজেলা সদর, আবাসিক এলাকা, সংরক্ষিত বা বাণিজ্যিক এলাকা, বাগান, জলাভূমি, কৃষি জমির সীমারেখা হইতে এবং ধারা ৮(৩)(ঙ) তে উল্লিখিত বিশেষ কোনো স্থাপনা, রেলপথ, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও ক্লিনিক, গবেষণা প্রতিষ্ঠান বা অনুরূপ কোনো স্থান বা প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৪০০ মিটার দূরত্বের বাহিরে বিদ্যমান উন্নত প্রযুক্তির ইটভাটা যেমন : হাইব্রিড হফম্যান কিল্ন (Hybrid Hoffman Kiln), টানেল কিল্ন (Tunnel Kiln) পরিচালনা করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ইট ভাটা হইতে বায়ুদূষণের মাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুসারে নির্ধারিত মানমাত্রায় থাকিতে হইবে এবং ইহার কর্ম পরিবেশ স্বাস্থ্যসম্মত হইতে হইবে :

তবে আরো শর্ত থাকে যে, উল্লিখিত প্রযুক্তির নূতন ইটভাটা স্থাপনের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৮৪৩)

মূল্য : টাকা ৪.০০